

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
প্রশাসন শাখা-২
www.plandiv.gov.bd

নং-২০.০০.০০০০.৩০৩.৩২.০৭৬. ১১-৬৬৮

তারিখঃ ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ
০১ জুন, ২০১৭ খ্রিষ্টাব্দ

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
পরিকল্পনা বিভাগ, সিজিএ ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
বিষয়ঃ পরিকল্পনা বিভাগের অবসরপ্রাপ্ত যুগ্মপ্রধান বেগম আফরোজা মোয়াজ্জেম (০১৪৬)-এর অনুকূলে পূর্ণ আনুতোষিক মঞ্জুরী
প্রসংগে।

মহোদয়,

বিসিএস (ইকনমিক) ক্যাডারের কর্মকর্তা পরিকল্পনা বিভাগের যুগ্মপ্রধান বেগম আফরোজা মোয়াজ্জেম (০১৪৬)-কে পরিকল্পনা বিভাগের ১১/০৪/২০১৬ তারিখের ২০.০০.০০০০.৩০৩.৩২.০৩৪.১১-২৯৭ সংখ্যক প্রজ্ঞাপনের মাধ্যমে ১৮/০৩/২০১৬ তারিখ সরকারি চাকুরি হতে অবসর প্রদান করা হয় এবং ১৯/০৩/২০১৬ হতে ২০/০৩/২০১৭ তারিখ পর্যন্ত ০১ বছরের অবসরোত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হয়। তিনি পূর্ণ আনুতোষিক মঞ্জুরের জন্য আবেদন করেছেন। প্রাপ্ত কাগজপত্র এবং না-দাবীপত্রসমূহ পর্যালোচনায় দেখা যায় যে, তাঁর নিকট সরকারের কোন পাওনা নেই। প্রাপ্ত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায় যে, পরিবহন অধিশাখার না-দাবী অনুযায়ী তাঁর নিকট সুদ মুক্ত গাড়ী ক্রয় ৯,৫০,৬২৯.৫৯ এবং নববর্ষভাতা বাবদ গৃহীত ৭৩৮২.৩২ টাকা সহ মোট ৯,৫৮,০১১.৯১ (নয় লক্ষ আটাত্ত হাজার এগার টাকা একনব্বই পয়সা) সরকারের পাওনা আছে।


২। সুদ মুক্ত গাড়ী ক্রয় ৯,৫০,৬২৯.৫৯ এবং নববর্ষভাতা বাবদ গৃহীত ৭৩৮২.৩২ টাকা সহ মোট ৯,৫৮,০১১.৯১ (নয় লক্ষ আটাত্ত হাজার এগার টাকা একনব্বই পয়সা) টাকা কর্তনপূর্বক হিসাব নিরীক্ষা কার্যালয়ের প্রতিবেদন অনুযায়ী যে পরিমাণ পূর্ণ আনুতোষিক প্রাপ্য বলে ধার্য করা হবে, উহা অবসরপ্রাপ্ত যুগ্মপ্রধান বেগম আফরোজা মোয়াজ্জেম-এর অনুকূলে প্রদানের জন্য আদিষ্ট হয়ে এতদ্বারা মঞ্জুরী জ্ঞাপন করা হল। সে মর্মে নির্ধারিত পেনশন ফরমের ৫ম ও ৬ষ্ঠ পৃষ্ঠার তৃতীয় অংশে কর্তৃপক্ষ স্বাক্ষর করেছেন।

৩। অতএব, বিসিএস (ইকনমিক) ক্যাডারের কর্মকর্তা পরিকল্পনা বিভাগ যুগ্মপ্রধান বেগম আফরোজা মোয়াজ্জেম -এর অনুকূলে বিধি মোতাবেক তাঁর প্রাপ্য পূর্ণ আনুতোষিক পরিশোধ আদেশ (পি.পি.ও) জারী করে পরিকল্পনা বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হল।

সংযুক্তিঃ

- (১) পেনশন ফরম।
- (২) নমুনা স্বাক্ষর ও ছবি।
- (৩) অন্যান্য কাগজপত্র।


(মোছাঃ জেসমুন নাহার)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯১১৮০৫৪

ই-মেইলঃ sas.admin2@plandiv.gov.bd

নং-২০.০০.০০০০.৩০৩.৩২.০৭৬. ১১-৬৬৮/১৬

তারিখঃ ১৭ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ
৩০ মে, ২০১৭ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। অতিরিক্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।


২। বেগম আফরোজা মোয়াজ্জেম (০১৪৬), যুগ্ম-প্রধান (অবসরপ্রাপ্ত), পরিকল্পনা বিভাগ, ঢাকা।

৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।

৫। বাজেট অফিসার/হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।

৬। অফিস কপি/ব্যক্তিগত নথি।


(মোছাঃ জেসমুন নাহার)
সিনিয়র সহকারী সচিব